

বাংলাদেশে অবস্থানরত অনির্বন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প

১. প্রকল্পের নাম : বাংলাদেশে অবস্থানরত অনির্বন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প
(Census of the Undocumented Myanmar Nationals Staying in Bangladesh-CUMNSB 2015 Project).
২. প্রকল্পের মেয়াদ : এপ্রিল ২০১৫ হতে মার্চ ২০১৬।
৩. মোট অনুমোদিত বরাদ্দ : ২১৭৫.০০ লক্ষ টাকা (রাজস্ব ব্যয়: ১৭৬৩.১৫ লক্ষ টাকা ও মূলধন ব্যয়: ৪১১.৮৫ লক্ষ টাকা)।
৪. অর্থায়ন : জিওবি: ২১৭৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ০.০০ লক্ষ টাকা।
৫. বাস্তবায়ন এলাকা : কক্সবাজার, বান্দরবান, চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও পটুয়াখালী জেলা।
৬. প্রকল্প পরিচালক : মো. আলমগীর হোসেন, উপপরিচালক, সেন্সাস উইং, বিবিএস।
৭. প্রকল্পের পটভূমি :
- মিয়ানমারে জাতিগত দাঙ্গা ও বাংলাদেশের আর্থ-সামাজিক সুযোগ সুবিধার আকর্ষণে বাংলাদেশ মিয়ানমার সীমান্ত দিয়ে অবৈধভাবে মিয়ানমার নাগরিকেরা অনবরত এদেশে প্রবেশ করছে;
 - অনুপ্রবেশকারী এসব মিয়ানমার নাগরিকেরা মূলত কক্সবাজার, বান্দরবান, চট্টগ্রামসহ এর আশপাশের জেলাসমূহে বসবাস করছে
 - সঠিক কোন পরিসংখ্যান না থাকলেও আনুমানিক ৩ থেকে ৫ লাখ অবৈধ মিয়ানমার নাগরিক বাংলাদেশে বসাবাস করছে বলে ধারণা করা হয়ে থাকে;
 - সীমান্তে কড়াকড়ি সত্বেও গড়ে প্রতিদিন ৮-১০ জন মিয়ানমার নাগরিক বাংলাদেশে অনুপ্রবেশ করছে;
 - অবৈধভাবে অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকেরা যত্রতত্র বাসস্থান গড়ে তুলে বনভূমি ধ্বংসের মাধ্যমে পরিবেশের ক্ষতি সাধন করছে;
 - বিভিন্ন অপরাধ কর্মকাণ্ডে জড়িত হয়ে তারা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটচ্ছে;
 - স্থানীয় শ্রম-বাজার ও উপকূলীয় সমুদ্র বেষ্টিত কার্যক্রমে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে;
 - যত্রতত্র বসবাসকারী এসব মিয়ানমার নাগরিকদের জীবনযাত্রার মান অত্যন্ত মানবতর পর্যায়ে তাদের মানবিক চাহিদা নিশ্চিত করতে আন্তর্জাতিক পর্যায়ে হতে বাংলাদেশের ওপর অব্যাহত অনুরোধ রয়েছে;
 - মিয়ানমার শরণার্থী ও অবৈধভাবে অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিক সংক্রান্ত সমস্যা সমাধানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে প্রণীত জাতীয় কৌশলপত্র মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে;
 - উল্লিখিত কৌশলপত্রে অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকদের তথ্যভাণ্ডার প্রণয়নের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে দায়িত্ব প্রদান করা হয়েছে;
 - মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬/১১/২০১৪ খ্রি. তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাধ্যমে অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকদের তালিকা চূড়ান্ত করে দ্রুত প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করেছেন;

- কৌশলপত্র বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির ১৫/১২/২০১৪ খ্রি. কক্সবাজারে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে আন্তর্জাতিক মান বজায় রেখে শুমারি অনুষ্ঠানের জন্য দায়িত্ব প্রদান করা হয়।

৮. প্রকল্পের উদ্দেশ্য :

- বাংলাদেশে অবস্থানকারী অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকদের একটি ডাটাবেজ প্রণয়ন;
- বাংলাদেশে অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান নিরূপণ;
- মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশের অন্তর্নিহিত কারণসমূহ নিরূপণ;
- বাংলাদেশে অবস্থানকারী অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থ-সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন;
- সকল অনির্বন্ধিত মিয়ানমার নাগরিকের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণ ও সংগ্রহ।

৯. পরিকল্পনা কমিশন কর্তৃক : ১০-০৫-২০১৫ খ্রি।
অনুমোদনের তারিখ

১০. পরিসংখ্যান ও তথ্য : ১৪-০৫-২০১৫ খ্রি।
ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক
প্রশাসনিক অনুমোদনের
তারিখ

১১. এপ্রিল, ২০১৫ পর্যন্ত অগ্রগতি : আর্থিক: প্রকল্পটি সদ্য অনুমোদিত হয়েছে। চলতি ২০১৪-১৫ অর্থবছরে অর্থ বরাদ্দ পাওয়া যায় নি। অর্থ বরাদ্দের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে।

১২. অগ্রগতি : বাস্তব: ২%।

১৩. সমস্যাবলী : প্রকল্পটি সদ্য অনুমোদিত হয়েছে। প্রকল্পের চলতি অর্থবছরের জন্য বরাদ্দ প্রয়োজনা।

১৪. মে-জুন, ২০১৫ মাসে : চলতি অর্থবছরে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ পরিচালনা করা হবে:
সম্পাদিতব্য কর্মপরিকল্পনা

- মাঠ পর্যায়ে শুমারি খসড়া প্রশ্নপত্রের ফিল্ড টেস্ট;
- খসড়া প্রশ্নপত্র বিষয়ে টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠান;
- স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান;
- মাঠ পর্যায়ে কাজের জন্য হালনাগাদ বেইজ জিআইএস ম্যাপ সংগ্রহ;
- জোনাল অপারেশনের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম;
- ফটোগ্রাফি সফটওয়্যারের জন্য আউটলাইন প্রস্তুত করা; এবং
- পণ্য ও সেবা সংক্রান্ত প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যক্রম পরিচালনা।

(মো. আলমগীর হোসেন)

প্রকল্প পরিচালক

মোবাইল: ০১১৯৮০৪০৮০০

ইমেইল: alamgir.hossen@bbs.gov.bd